



# খাগড়াছড়ি পৌরসভা কার্যালয়

খাগড়াছড়ি পার্বত্য জেলা।

ফ্যাক্স-০৩৭১-৬১০৪৯

email-khagracharipoura@gmail.com.

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং- খাঃ পৌঃ/প্রকৌঃ/২০২০/০০

তারিখঃ- ১৯/০১/২০২০খ্রি:

বরাবর

সভাপতি/সাধারণ সম্পাদক  
খাগড়াছড়ি বাজার ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ  
খাগড়াছড়ি সদর  
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

বিষয়: ফায়ার লাইসেন্স গ্রহণ, অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিবাপন ব্যবস্থা সংরক্ষণ ও বাস্তবায়ন এবং ইমারত নির্মাণে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী অনুসরণ প্রসঙ্গে।

সূত্র: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর স্মারক নং: ৫৮.০৩.০০০০.০০৩.২১.০০৫.১৯ তারিখ: ১৫/০১/২০২০খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, খাগড়াছড়ি পার্বত্য জেলা সুত্রোক্ত স্মারকমূলে ফায়ার লাইসেন্স গ্রহণ, অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিবাপন ব্যবস্থা সংরক্ষণ ও বাস্তবায়ন করার জন্য অনুরোধ করে পত্র দিয়েছেন। উক্ত পত্রের আলোকে প্রয়োজনীয় কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন, যাতে করে অনাকাঙ্ক্ষিত কোন দুর্ঘটনা না ঘটে।

এখানে উল্লেখ্য যে, সরজমিনে পর্যবেক্ষণ করে লক্ষ্য করা যায় যে, আপনাদের সমিতির আওতাধীন প্রতিষ্ঠাসমূহের মধ্যে অধিকাংশ প্রতিষ্ঠান ফায়ার লাইসেন্স গ্রহণ করেন নাই। অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিবাপন ব্যবস্থা সংরক্ষণ ও বাস্তবায়নের তেমন কোন আত্মহ ও পরিলক্ষিত হচ্ছে না। ইতিমধ্যে বাজার ব্যবসায়ীদেরকে ইমারত নির্মাণ ও বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে সচেতন করার লক্ষ্য একাধিকবার মাইকিং, গণসংযোগ এবং বিভিন্ন সভার মাধ্যমে জানানো হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ফায়ার লাইসেন্স গ্রহণ, অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিবাপন ব্যবস্থা সংরক্ষণ ও বাস্তবায়ন এবং ইমারত নির্মাণে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী অনুসরণ ও বর্জ্য ব্যবস্থাপনা সঠিকভাবে পালন একান্ত জরুরী।

এমতাবস্থায় সূত্রে উল্লেখিত স্মারক মতে আপনাদের সমিতির আওতাধীন সকল ব্যবসায়ীকে দ্রুত ফায়ার লাইসেন্স গ্রহণ, অগ্নি প্রতিরোধ ও অগ্নি নিবাপন ব্যবস্থা সংরক্ষণ ও বাস্তবায়ন এবং ইমারত নির্মাণে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী অনুসরণ ও বর্জ্য ব্যবস্থাপনা সঠিকভাবে পালন করে খাগড়াছড়ি পৌরসভাকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হ'ল।

সংযুক্ত: ১। ইমারত নির্মাণে বিশেষভাবে লক্ষনীয় শর্তাবলী: ০১ ফর্দ।

২। জরুরী গণ বিজ্ঞপ্তি: ০১ ফর্দ।

(রফিকুল আলম)

মেয়র

খাগড়াছড়ি পৌরসভা।

সদয় অবগতির জন্য:

১. রিজিয়ন কমান্ডার, খাগড়াছড়ি রিজিয়ন ও কমান্ডার, ২০৩ পদাতিক ব্রিগেড, খাগড়াছড়ি সেনানিবাস, খাগড়াছড়ি।
২. জেলা প্রশাসক- খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩. পুলিশ সুপার - খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪. অফিস নথি।